দৈনিক ইত্তেফাক

তারিখ ... 01 OCT. 1995 ... ...

পৃষ্ঠা ৩ কলাম ... ৫ ....

# অনেকেই ভর্তি হইতে পারিল না

ইত্তেফাক রিপোর্ট ।। সিটি কলেজের একাদশ শ্রেণীতে ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পরও কিছু সংখ্যক ছাত্র কলেজে ভর্তি হইতে পারে নাই। তাহাদের হাতে ভর্তির ফরম সরবরাহ করা হইয়াছিল। গত বৃহস্পতিবার ছিল ভর্তির টাকা জমা দেওয়ার শেষ দিন। তারেক চৌধুরী নামে ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ একজন ছাত্রের পিতা গত বৃহস্পতিবার রাতে ইত্তেফাক অফিসে আসিয়া অভিযোগ করেন কলেজ হইতে বলা

(৪র্থ পৃঃ দ্রঃ)

## অনেকেই ভর্তি

(৩য় পৃঃ পর)

হয় ভর্তির প্রক্রিয়া শেষ হইয়াছে। আর কাহারও টাকা জমা নেওয়া হইবে না। তারেকের পিতা বলেন, এইরূপ ঘটনা আরও অনেকের ভাগ্যে ঘটিয়াছে। এই ব্যাপারে বৃহস্পতিবার রাতে সিটি কলেজের টেলিফোনে যোগাযোগ করিয়া কাহাকেও পাওয়া যায় নাই।